গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
বগুড়া
সাধারণ শাখা
www.bogra.gov.bd

স্মারক নম্বর: ০৫.৫০.১০০০.০০০.০০৬.০১৩.০০২.২৬.৭৯৯

তারিখ : ১৬ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ
৩০ জুন ২০২৬ খ্রিষ্টাব্দ

বিষয়: জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়াএর GPMS বাস্তবায়ন বিষয়ক চূড়ান্ত কর্মপরিকল্পনা প্রেরণ।

সূত্র: বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহীর মাঠ প্রশাসন শাখার ২৬/০৬/২০২৬ তারিখের ০৫.৪৩.০০০০.০০০.০১৪.০১.০০০০২.২৬.৩৫৩ নম্বর স্মারক।

উপর্যুক্ত বিষয়ে ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সরকারি কর্মসম্পাদন পরিবীক্ষণ পদ্ধতি GPMS-এর নির্দেশিকা মোতাবেক জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া এর ০৩ (তিন) বছর মেয়াদি কর্মপরিকল্পনা (সেকশন-১) এবং (সেকশন-২) প্রণয়ন করা হয়েছে (কপি সংযুক্ত)।

০২। ইহা মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এসাথে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

৩০/০৬/২৬

(মোঃ তৌফিকুর রহমান)
জেলা প্রশাসক
বগুড়া
টেলিফোন: ০২৫৮৯৯০০০২০ (অ:)
ই-মেইল: dcbogura@mopa.gov.bd

বিভাগীয় কমিশনার
রাজশাহী বিভাগ, রাজশাহী।

অনুলিপি সদয় অবগতি জন্য প্রেরণ করা হলো:

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# সরকারি কর্মসম্পাদন পরিবীক্ষণ পদ্ধতি (GPMS)

জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া।

# সরকারি কর্মসম্পাদন পরিবীক্ষণ পদ্ধতি
# (Governance Performance Monitoring System-GPMS)

**ভিশন:**

জনবান্ধব, চৌকস ও জবাবদিহিমূলক প্রশাসনিক কাঠামো প্রতিষ্ঠা

**মিশন:**

০১. নির্ধারিত সময়ের মধ্যে সরকারি সেবা প্রাপ্তির সহজলভ্যতা নিশ্চিতকরণ;

০২. প্রশাসনিক কার্যক্রমে স্বচ্ছতা, জবাবদিহি ও দক্ষতার উৎকর্ষসাধন;

০৩. ডিজিটাল প্রযুক্তির মাধ্যমে সেবার মানোন্নয়ন ও জনগণের অংশগ্রহণ নিশ্চিতকরণ।

## সেকশন-০১

### জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়ার ০৩ (তিন) বছর মেয়াদি পরিকল্পনার ছক

| ক্রম. | পরিকল্পনা | বছরভিত্তিক লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|
| | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ০১ | ভূমি রাজস্ব ব্যবস্থাপনা সংহতকরণ ও ভূমিসেবা প্রদান সহজীকরণ | ১.১ ভূমি উন্নয়ন করের সাধারণ আদায় ১০০% এবং সংস্থার আদায় ৬০% অর্জন | ১.১ ভূমি উন্নয়ন করের সাধারণ আদায় ১০০% এবং সংস্থার আদায় ৬৫% অর্জন | ১.১ ভূমি উন্নয়ন করের সাধারণ আদায় ১০০% এবং সংস্থার আদায় ৭০% অর্জন |
| | | ১.২ দায়েরকৃত রেন্ট সার্টিফিকেট মামলার ৯৩% নিষ্পত্তিকরণ | ১.২ দায়েরকৃত রেন্ট সার্টিফিকেট মামলার ৯৫% নিষ্পত্তিকরণ | ১.২ দায়েরকৃত রেন্ট সার্টিফিকেট মামলার ৯৮% নিষ্পত্তিকরণ |
| | | ১.৩ পাঁচ বছরের উর্ধ্বে চলমান জেনারেল সার্টিফিকেট মামলার ৩০% নিষ্পত্তিকরণ | ১.৩ পাঁচ বছরের উর্ধ্বে চলমান জেনারেল সার্টিফিকেট মামলার ৩৫% নিষ্পত্তিকরণ | ১.৩ পাঁচ বছরের উর্ধ্বে চলমান জেনারেল সার্টিফিকেট মামলার ৪০% নিষ্পত্তিকরণ |
| | | ১.৪ দায়েরকৃত রাজস্ব মামলার ৯৩% নিষ্পত্তিকরণ | ১.৪ দায়েরকৃত রাজস্ব মামলার ৯৫% নিষ্পত্তিকরণ | ১.৪ দায়েরকৃত রাজস্ব মামলার ৯৮% নিষ্পত্তিকরণ |
| | | ১.৫ নতুন ৯টি হাট বাজারের পেরিফেরি অনুমোদন প্রদান | ১.৫ নতুন ১০টি হাট বাজারের পেরিফেরি অনুমোদন প্রদান | ১.৫ নতুন ১২টি হাট বাজারের পেরিফেরি অনুমোদন প্রদান |
| | | ১.৬ দুই বছরের উর্ধ্বে লিজ নবায়ন না হওয়া অর্পিত সম্পত্তির ৫৫% লিজ নবায়ন | ১.৬ দুই বছরের উর্ধ্বে লিজ নবায়ন না হওয়া অর্পিত সম্পত্তির ৬৫% লিজ নবায়ন | ১.৬ দুই বছরের উর্ধ্বে লিজ নবায়ন না হওয়া অর্পিত সম্পত্তির ৭৫% লিজ নবায়ন |
| | | ১.৭ ভূমি অধিগ্রহণে ১৯৪৮ ও ১৯৮২ সালের ৫০% L/A case নিষ্পত্তিকরণ | ১.৭ ভূমি অধিগ্রহণে ১৯৪৮ ও ১৯৮২ সালের ৬৫% L/A case নিষ্পত্তিকরণ | ১.৭ ভূমি অধিগ্রহণে ১৯৪৮ ও ১৯৮২ সালের ৮০% L/A case নিষ্পত্তিকরণ |
| ০২ | স্থানীয় সরকার প্রতিষ্ঠানের সক্ষমতা বৃদ্ধিকরণ | ২.১ গ্রাম আদালতে দায়েরকৃত নিষ্পত্তিযোগ্য মামলার ৪০% নিষ্পত্তিকরণ | ২.১ গ্রাম আদালতে দায়েরকৃত নিষ্পত্তিযোগ্য মামলার ৪৫% নিষ্পত্তিকরণ; | ২.১ গ্রাম আদালতে দায়েরকৃত নিষ্পত্তিযোগ্য মামলার ৫০% নিষ্পত্তিকরণ; |
| | | ২.২ স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের সক্ষমতা বৃদ্ধিতে কর্মচারীদের মোট ৪২৫ জনকে প্রশিক্ষণ প্রদান | ২.২ স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের সক্ষমতা বৃদ্ধিতে কর্মচারীদের মোট ৪৩০ জনকে প্রশিক্ষণ প্রদান | ২.২ স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের সক্ষমতা বৃদ্ধিতে কর্মচারীদের মোট ৪৩৫ জনকে প্রশিক্ষণ প্রদান |
| | | ২.৩ জন্মের দিন থেকে ১ (এক) বছরের মধ্যে জন্মনিবন্ধনের হার ৮৫% অর্জন এবং মৃত্যুর দিন থেকে ১ (এক) বছরের মধ্যে মৃত্যুনিবন্ধন হার ৮০% অর্জন | ২.৩ জন্মের দিন থেকে ১ (এক) বছরের মধ্যে জন্মনিবন্ধনের হার ৯৫% অর্জন এবং মৃত্যুর দিন থেকে ১ (এক) বছরের মধ্যে মৃত্যুনিবন্ধন হার ৯০% অর্জন | ২.৩ জন্মের দিন থেকে ১ (এক) বছরের মধ্যে জন্মনিবন্ধনের হার ১০০% অর্জন এবং মৃত্যুর দিন থেকে ১ (এক) বছরের মধ্যে মৃত্যুনিবন্ধন হার ১০০% অর্জন |

| ক্রম. | পরিকল্পনা | বছরভিত্তিক লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|
| | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ০৩ | নাগরিক সেবা সহজীকরণ | ৩.১ আবেদনকৃত ডিলিং লাইসেন্স এর ১০০% MyGov প্ল্যাটফর্ম এর মাধ্যমে ইস্যুকরণ | ৩.১ আবেদনকৃত ডিলিং লাইসেন্স এর ১০০% MyGov প্ল্যাটফর্ম এর মাধ্যমে ইস্যুকরণ | ৩.১ আবেদনকৃত ডিলিং লাইসেন্স এর ১০০% MyGov প্ল্যাটফর্ম এর মাধ্যমে ইস্যুকরণ |
| | | ৩.২ GRS এ প্রাপ্ত অভিযোগসমূহের ১০০% নিষ্পত্তিকরণ | ৩.২ GRS এ প্রাপ্ত অভিযোগসমূহের ১০০% নিষ্পত্তিকরণ | ৩.২ GRS এ প্রাপ্ত অভিযোগসমূহের ১০০% নিষ্পত্তিকরণ |
| ০৪ | আইন-শৃঙ্খলা সংক্রান্ত | ৪.১ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটের আদালতে ফৌজদারি কার্যবিধির অধীন ২০% মামলা নিষ্পত্তিকরণ | ৪.১ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটের আদালতে ফৌজদারি কার্যবিধির অধীন ২৫% মামলা নিষ্পত্তিকরণ | ৪.১ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটের আদালতে ফৌজদারি কার্যবিধির অধীন ৩০% মামলা নিষ্পত্তিকরণ |
| | | ৪.২ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট আদালতে ফৌজদারি কার্যবিধির অধীন ২৫% মামলা নিষ্পত্তিকরণ | ৪.২ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট আদালতে ফৌজদারি কার্যবিধির অধীন ২৮% মামলা নিষ্পত্তিকরণ | ৪.২ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট আদালতে ফৌজদারি কার্যবিধির অধীন ৩০% মামলা নিষ্পত্তিকরণ |
| | | ৪.৩ মাদকদ্রব্য নিয়ন্ত্রণে ৪৩০টি মোবাইল কোর্ট পরিচালনা | ৪.৩ মাদকদ্রব্য নিয়ন্ত্রণে ৪৩৫টি মোবাইল কোর্ট পরিচালনা | ৪.৩ মাদকদ্রব্য নিয়ন্ত্রণে ৪৪০টি মোবাইল কোর্ট পরিচালনা |
| | | ৪.৪ ভূমি অপরাধ প্রতিরোধ ও প্রতিকার আইন, ২০২৩ এ আনীত অভিযোগের ৪০% নিষ্পত্তি | ৪.৪ ভূমি অপরাধ প্রতিরোধ ও প্রতিকার আইন, ২০২৩ এ আনীত অভিযোগের ৪৫% নিষ্পত্তি | ৪.৪ ভূমি অপরাধ প্রতিরোধ ও প্রতিকার আইন, ২০২৩ এ আনীত অভিযোগের ৫০% নিষ্পত্তি |
| ০৫ | নথি ব্যবস্থাপনায় ডি-নথির ব্যবহার | নথি ব্যবস্থাপনার ক্ষেত্রে ডি-নথিতে নথি নিষ্পন্নের হার ৯৫% এ উন্নীতকরণ | নথি ব্যবস্থাপনার ক্ষেত্রে ডি-নথিতে নথি নিষ্পন্নের হার ১০০% এ উন্নীতকরণ | নথি ব্যবস্থাপনার ক্ষেত্রে ডি-নথিতে নথি নিষ্পন্নের হার ১০০% এ উন্নীতকরণ |
| ০৬ | শিক্ষা প্রতিষ্ঠানের সক্ষমতা বৃদ্ধিকরণ | ৬.১ শিক্ষা প্রতিষ্ঠানে 'ওয়ান চাইল্ড ওয়ান ট্রি' কর্মসূচির আওতায় ৫০% বৃক্ষরোপণ | ৬.১ শিক্ষা প্রতিষ্ঠানে 'ওয়ান চাইল্ড ওয়ান ট্রি' কর্মসূচির আওতায় ৭০% বৃক্ষরোপণ | ৬.১ শিক্ষা প্রতিষ্ঠানে 'ওয়ান চাইল্ড ওয়ান ট্রি' কর্মসূচির আওতায় ১০০% বৃক্ষরোপণ |
| | | ৬.২ বিদেশি ভাষা শিক্ষায় শিক্ষার্থীদের উদ্বুদ্ধকরণে ২৫% শিক্ষা প্রতিষ্ঠানে ল্যাঙ্গুয়েজ ক্লাব গঠন | ৬.২ বিদেশি ভাষা শিক্ষায় শিক্ষার্থীদের উদ্বুদ্ধকরণে ৫০% শিক্ষা প্রতিষ্ঠানে ল্যাঙ্গুয়েজ ক্লাব গঠন; | ৬.২ বিদেশি ভাষা শিক্ষায় শিক্ষার্থীদের উদ্বুদ্ধকরণে ৮০% শিক্ষা প্রতিষ্ঠানে ল্যাঙ্গুয়েজ ক্লাব গঠন |
| | | ৬.৩ শিক্ষার্থীদের নৈতিক শিক্ষায় উদ্বুদ্ধকরণে ৬০% শিক্ষা প্রতিষ্ঠানে সততা স্টোর চালুকরণ | ৬.৩ শিক্ষার্থীদের নৈতিক শিক্ষায় উদ্বুদ্ধকরণে ৮০% শিক্ষা প্রতিষ্ঠানে সততা স্টোর চালুকরণ | ৬.৩ শিক্ষার্থীদের নৈতিক শিক্ষায় উদ্বুদ্ধকরণে ১০০% শিক্ষা প্রতিষ্ঠানে সততা স্টোর চালুকরণ |
| ০৭ | জেলা প্রশাসকের কার্যালয়ের কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের সক্ষমতা বৃদ্ধিকল্পে প্রশিক্ষণ প্রদান | ১১০ জন ১০ম-২০তম গ্রেডের কর্মচারীদের সক্ষমতা বৃদ্ধিকল্পে D-nothi বিষয়ক প্রশিক্ষণ প্রদান | ১২০ জন ১০ম-২০তম গ্রেডের কর্মচারীদের সক্ষমতা বৃদ্ধিকল্পে D-nothi বিষয়ক প্রশিক্ষণ প্রদান | ১৩০ জন ১০ম-২০তম গ্রেডের কর্মচারীদের সক্ষমতা বৃদ্ধিকল্পে D-nothi বিষয়ক প্রশিক্ষণ প্রদান |

| ক্রম. | পরিকল্পনা | বছরভিত্তিক লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|
| | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ০৮ | SDG স্থানীয়করণের উদ্যোগ গ্রহণ | ‘করতোয়া নদী সিস্টেম উন্নয়ন প্রকল্প’ এর ৩০% বাস্তবায়ন | ‘করতোয়া নদী সিস্টেম উন্নয়ন প্রকল্প’ এর ৬৫% বাস্তবায়ন | ‘করতোয়া নদী সিস্টেম উন্নয়ন প্রকল্প’ এর ৯০% বাস্তবায়ন |
| ০৯ | কৃষক কার্ড ও ফ্যামিলি কার্ড বিতরণ | কৃষক কার্ড ও ফ্যামিলি কার্ড বিতরণে সরকার কর্তৃক নির্ধারিত লক্ষ্যমাত্রার ১০০% বাস্তবায়ন | কৃষক কার্ড ও ফ্যামিলি কার্ড বিতরণে সরকার কর্তৃক নির্ধারিত লক্ষ্যমাত্রার ১০০% বাস্তবায়ন | কৃষক কার্ড ও ফ্যামিলি কার্ড বিতরণে সরকার কর্তৃক নির্ধারিত লক্ষ্যমাত্রার ১০০% বাস্তবায়ন |
| ১০ | জেলা পর্যায়ে ক্রীড়া প্রতিযোগিতা আয়োজন | জেলা পর্যায়ে ৪টি ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন | জেলা পর্যায়ে ৫টি ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন | জেলা পর্যায়ে ৬টি ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন |

## সেকশন-২

### (২০২৬-২৭ অর্থবছরের কর্মসম্পাদন পরিকল্পনা)


| কর্মসম্পাদন ক্ষেত্র | পরিকল্পনার ক্রমিক | ফলাফল নির্দেশক কার্যক্রম | পরিমাপের একক | নির্দেশকের মান | প্রকৃত অর্জন (২০২৫-২০২৬) | লক্ষ্যমাত্রা (২০২৬-২০২৭) |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১) সেবা প্রদান (Service Delivery) (মান ২৯) | ০১ | ভূমি উন্নয়ন করের সাধারণ আদায় এবং সংস্থার আদায় | শতকরা | ৪ | সাধারণ আদায় ৯৮; সংস্থার আদায় ৫৮ | সাধারণ আদায় ১০০; সংস্থার আদায় ৬০ |
| | ০১ | দায়েরকৃত রেন্ট সার্টিফিকেট মামলার নিষ্পত্তিকরণ | শতকরা | ৩ | ৯১ | ৯৩ |
| | ০১ | পাঁচ বছরের উর্ধ্বে চলমান জেনারেল সার্টিফিকেট মামলার নিষ্পত্তিকরণ | শতকরা | ৪ | ২৪ | ৩০ |
| | ০১ | দায়েরকৃত রাজস্ব মামলার নিষ্পত্তিকরণ | শতকরা | ৩ | ৯১ | ৯৩ |
| | ০১ | নতুন হাট বাজারের পেরিফেরি অনুমোদন | সংখ্যা | ৩ | ৮ | ৯ |
| | ০১ | দুই বছরের উর্ধ্বে লিজ নবায়ন না হওয়া অর্পিত সম্পত্তির লিজ নবায়ন | শতকরা | ৩ | ৪৫ | ৫৫ |
| | ০১ | ভূমি অধিগ্রহণে ১৯৪৮ ও ১৯৮২ সালের L/A case নিষ্পত্তিকরণ | শতকরা | ৩ | ২৬ | ৫০ |
| | ০৩ | আবেদনকৃত ডিলিং লাইসেন্স MyGov প্ল্যাটফর্ম এর মাধ্যমে ইস্যুকরণ | শতকরা | ৩ | ১০০ | ১০০ |
| | ০৩ | GRS এ প্রাপ্ত অভিযোগসমূহ নিষ্পত্তিকরণ | শতকরা | ৩ | ৪৯ | ১০০ |
| ২) উদ্ভাবন সংস্কার কার্যক্রম বাস্তবায়ন (Innovation and Implemention of Reform Activities) (মান ১০) | ০৬ | শিক্ষা প্রতিষ্ঠানে 'ওয়ান চাইল্ড ওয়ান ট্রি' কর্মসূচির আওতায় বৃক্ষরোপণ | শতকরা | ৪ | ২৩ | ৫০ |
| | ০৬ | বিদেশি ভাষা শিক্ষায় শিক্ষার্থীদের উদ্বুদ্ধকরণে শিক্ষা প্রতিষ্ঠানে ল্যাঙ্গুয়েজ ক্লাব গঠন | শতকরা | ৩ | ৫ | ২৫ |
| | ০৬ | শিক্ষার্থীদের নৈতিক শিক্ষায় উদ্বুদ্ধকরণে শিক্ষা প্রতিষ্ঠানে 'সততা স্টোর' চালুকরণ | শতকরা | ৩ | ৪৩ | ৬০ |

| কর্মসম্পাদন ক্ষেত্র | পরিকল্পনার ক্রমিক | ফলাফল নির্দেশক কার্যক্রম | পরিমাপের একক | নির্দেশকের মান | প্রকৃত অর্জন (২০২৫-২০২৬) | লক্ষ্যমাত্রা (২০২৬-২০২৭) |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ৩) প্রাতিষ্ঠানিক সক্ষমতা ও দক্ষতা (Institutional Capacity and Efficiency) (মান ১৮) | ০২ | গ্রাম আদালতে দায়েরকৃত নিষ্পত্তি যোগ্য মামলা নিষ্পত্তিকরণ | শতকরা | ৪ | ৩৮ | ৪০ |
| | ০২ | স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের সক্ষমতা বৃদ্ধিতে কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান | সংখ্যা | ৪ | ৪২২ | ৪২৫ |
| | ০২ | জন্মের দিন থেকে ১ (এক) বছরের মধ্যে জন্মনিবন্ধনের হার এবং মৃত্যুর দিন থেকে ১ (এক) বছরের মধ্যে মৃত্যু নিবন্ধন হার উন্নীতকরণ | শতকরা | ৪ | জন্মনিবন্ধন হার ৭৫; মৃত্যু নিবন্ধন হার ৭০ | জন্মনিবন্ধন হার ৮৫; মৃত্যু নিবন্ধন হার ৮০ |
| | ০৭ | ১০ম-২০তম গ্রেডের কর্মচারীদের সক্ষমতা বৃদ্ধিকল্পে D-nothi বিষয়ক প্রশিক্ষণ প্রদান | সংখ্যা | ৩ | ১০০ | ১১০ |
| | ০৫ | নথি ব্যবস্থাপনার ক্ষেত্রে ডি-নথিতে নথি নিষ্পন্নের হার উন্নীতকরণ | শতকরা | ৩ | ৮০.৫০ | ৯৫ |
| ৪) উন্নয়ন সংশ্লিষ্ট ও অন্যান্য কার্যক্রম (Developement Related and Other Activities) (মান ২৩) | ০৮ | SDG স্থানীয়করণ বিষয়ক 'করতোয়া নদী সিস্টেম উন্নয়ন প্রকল্প' বাস্তবায়ন | শতকরা | ৩ | - (বর্তমানে DPP-তে অন্তর্ভূক্ত রয়েছে) | ৩০ |
| | ০৯ | কৃষক কার্ড ও ফ্যামিলি কার্ড বিতরণে সরকার কর্তৃক নির্ধারিত লক্ষ্যমাত্রা বাস্তবায়ন | শতকরা | ৪ | ১০০ | ১০০ |
| | ০৪ | এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটের আদালতে ফৌজদারি কার্যবিধির অধীন মামলা নিষ্পত্তিকরণ | শতকরা | ৩ | ১৭ | ২০ |
| | ০৪ | অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট আদালতে ফৌজদারি কার্যবিধির অধীন মামলা নিষ্পত্তিকরণ | শতকরা | ৪ | ২২ | ২৫ |
| | ০৪ | মাদকদ্রব্য নিয়ন্ত্রণে মোবাইল কোর্ট পরিচালনা | সংখ্যা | ৩ | ৪২০ | ৪৩০ |
| | ০৪ | ভূমি অপরাধ প্রতিরোধ ও প্রতিকার আইন, ২০২৩ এ আনীত অভিযোগসমূহ নিষ্পত্তি | শতকরা | ৩ | ৩৭ | ৪০ |
| | ১০ | জেলা পর্যায়ে ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন | সংখ্যা | ৩ | ৩ | ৪ |

(মোঃ মেজবাউল করিম)
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), বগুড়া
ও
টিম লিডার, GPMS টিম

## সংযোজনী ১ : শব্দসংক্ষেপ

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিস্তারিত |
|---|---|---|
| ০১ | GPMS | Government Performance Monitoring System |
| ০২ | GRS | Grievance Redress System |
| ০৩ | L/A | Land Acquisition |
| ০৪ | D-nothi | Digital Nothi |
| ০৫ | DPP | Development Project Proposal |
| ০৬ | SDG | Sustainable Development Goals 2030 |
| ০৭ | RMS | Record Management System |



# সংযোজনী ২ : বিস্তারিত পরিকল্পনা

| ক্রম. | পরিকল্পনা | বিস্তারিত পরিকল্পনা | | |
|---|---|---|---|---|
| | | ২০২৬-২০২৭ | ২০২৭-২০২৮ | ২০২৮-২০২৯ |
| ০১ | ভূমি রাজস্ব ব্যবস্থাপনা সংহতকরণ ও ভূমিসেবা প্রদান সহজীকরণ | **১.১ ভূমি উন্নয়ন করের সাধারণ আদায় এবং সংস্থার আদায়:** ভূমি উন্নয়ন করের ক্ষেত্রে সাধারণ আদায় এবং সংস্থার আদায় আলাদাভাবে পরিমাপ করা হয়। বগুড়া জেলায় সাধারণ আদায় শতভাগ অর্জিত হলেও সংস্থার আদায় ৬০% এর কম অর্জিত হচ্ছে। ২০২৫-২৬ অর্থবছরে সাধারণ আদায়ের হার ৯৮% এবং সংস্থার আদায়ের হার ৫৮%। আগামী অর্থবছরে ভূমি উন্নয়ন করের সাধারণ আদায়ের হার ১০০% এবং সংস্থার আদায়ের হার ৬০% নির্ধারণ করা হয়েছে।<br><br>**১.২ দায়েরকৃত রেন্ট সার্টিফিকেট মামলার নিষ্পত্তিকরণ:** রেন্ট সার্টিফিকেট মামলার নিষ্পত্তির ক্ষেত্রে বর্তমান অর্জন ৯০% এর বেশি। এক্ষেত্রে শতভাগ অর্জনের জন্য আগামী তিন অর্থবছরে রেন্ট সার্টিফিকেট মামলার নিষ্পত্তিকরণে জোর দেওয়া হবে। ২০২৬-২৭ অর্থবছরে এ হার ৯৩% এ উন্নীতকরণের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে।<br><br>**১.৩ পাঁচ বছরের উর্ধ্বে চলমান জেনারেল সার্টিফিকেট মামলার নিষ্পত্তিকরণ:** এ জেলায় চলমান পাঁচ বছরের উর্ধ্বে জেনারেল সার্টিফিকেট মামলার নিষ্পত্তিকরণের হার বর্তমানে ২৪%। নিষ্পত্তিকৃত এ হার বৃদ্ধির লক্ষ্যে মামলা নিষ্পত্তির সময় হ্রাস করে ২০২৬-২৭ অর্থবছরে ৩০% এ উন্নীতকরণের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে।<br><br>**১.৪ দায়েরকৃত রাজস্ব মামলার নিষ্পত্তিকরণ:** রাজস্ব মামলা নিষ্পত্তির ক্ষেত্রে অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) মহোদয়ের | **১.১ ভূমি উন্নয়ন করের সাধারণ আদায় এবং সংস্থার আদায়:** ২০২৬-২৭ অর্থ বছরে ভূমি উন্নয়ন করের সাধারণ আদায়ের হার ১০০% এবং সংস্থার আদায়ের হার ৬০% অর্জনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। ২০২৭-২৮ অর্থবছরে সাধারণ আদায়ের হার ১০০% এবং সংস্থার আদায়ের হার ৬৫% নির্ধারণ করা হয়েছে।<br><br>**১.২ দায়েরকৃত রেন্ট সার্টিফিকেট মামলার নিষ্পত্তিকরণ:** ২০২৬-২৭ অর্থবছরে দায়েরকৃত রেন্ট সার্টিফিকেট মামলার নিষ্পত্তির হার ৯৩% নির্ধারণ করা হয়েছে। ২০২৭-২৮ অর্থবছরে এ হার ৯৫% এ উন্নীতকরণের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে।<br><br>**১.৩ পাঁচ বছরের উর্ধ্বে চলমান জেনারেল সার্টিফিকেট মামলার নিষ্পত্তিকরণ:** ২০২৬-২৭ অর্থবছরে পাঁচ বছরের উর্ধ্বে চলমান জেনারেল সার্টিফিকেট মামলার নিষ্পত্তিকরণের হার ৩০% নির্ধারণ করা হয়েছে। ২০২৭-২৮ অর্থবছরে এ হার ৩৫% এ উন্নীতকরণের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে।<br><br>**১.৪ দায়েরকৃত রাজস্ব মামলার নিষ্পত্তিকরণ:** ২০২৬-২৭ অর্থ বছরে দায়েরকৃত রাজস্ব মামলার নিষ্পত্তির হার নির্ধারণ | **১.১ ভূমি উন্নয়ন করের সাধারণ আদায় এবং সংস্থার আদায়:** ২০২৭-২৮ অর্থ বছরে ভূমি উন্নয়ন করের সাধারণ আদায়ের হার ১০০% এবং সংস্থার আদায়ের হার ৬৫% অর্জনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। ২০২৮-২৯ অর্থবছরে সাধারণ আদায়ের হার ১০০% এবং সংস্থার আদায়ের হার ৭০% নির্ধারণ করা হয়েছে।<br><br>**১.২ দায়েরকৃত রেন্ট সার্টিফিকেট মামলার নিষ্পত্তিকরণ:** ২০২৭-২৮ অর্থবছরে দায়েরকৃত রেন্ট সার্টিফিকেট মামলার নিষ্পত্তির হার নির্ধারণ করা হয়েছে ৯৫%। ২০২৮-২৯ অর্থবছরে এ হার ৯৮% এ উন্নীতকরণের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে।<br><br>**১.৩ পাঁচ বছরের উর্ধ্বে চলমান জেনারেল সার্টিফিকেট মামলার নিষ্পত্তিকরণ:** ২০২৭-২৭৮ অর্থবছরে পাঁচ বছরের উর্ধ্বে চলমান জেনারেল সার্টিফিকেট মামলার নিষ্পত্তিকরণের হার ৩৫% নির্ধারণ করা হয়েছে। ২০২৮-২৯ অর্থবছরে এ হার ৪০% এ উন্নীতকরণের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে।<br><br>**১.৪ দায়েরকৃত রাজস্ব মামলার নিষ্পত্তিকরণ:** ২০২৭-২৮ অর্থ বছরে দায়েরকৃত রাজস্ব মামলার নিষ্পত্তির হার নির্ধারণ |

| | | | | |
|---|---|---|---|---|
| | | আদালতে চলমান মামলাসমূহ বর্তমানে মোটামুটি সন্তোষজনক হারে নিষ্পত্তি হচ্ছে। ২০২৫-২৬ অর্থ বছরে দায়েরকৃত রাজস্ব মামলার নিষ্পত্তির হার ৯১%। আগামী অর্থবছরে এ হার ৯৩% এ উন্নীতকরণের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। | করা হয়েছে ৯৩%। ২০২৭-২৮ অর্থবছরে এ হার ৯৫% এ উন্নীতকরণের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। | করা হয়েছে ৯৫%। ২০২৮-২৯ অর্থবছরে এ হার ৯৮% এ উন্নীতকরণের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। |
| | | **১.৫ নতুন হাট বাজারের পেরিফেরি অনুমোদন:** বগুড়া জেলায় বর্তমানে পেরিফেরি বিহীন হাট-বাজারের সংখ্যা ৯৬। ২০২৫-২৬ অর্থ বছরে নতুন ০৮টি হাট বাজারের পেরিফেরি অনুমোদন করা হয়। ২০২৬-২৭ অর্থ বছরে নতুন হাট বাজারের পেরিফেরি অনুমোদনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে ০৯টি। | **.৫ নতুন হাট বাজারের পেরিফেরি অনুমোদন:** ২০২৬-২৭ অর্থ বছরে নতুন ০৯টি হাট বাজারের পেরিফেরি অনুমোদনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। এছাড়া ২০২৭-২৮ অর্থ বছরে নতুন এ লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে ১০টি। | **১.৫ নতুন হাট বাজারের পেরিফেরি অনুমোদন:** বগুড়া জেলায় ২০২৭-২৮ অর্থ বছরে নতুন ১০টি হাট বাজারের পেরিফেরি অনুমোদনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। ২০২৮-২৯ অর্থ বছরে এ লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে ১২টি। |
| | | **১.৬ দুই বছরের উর্ধ্বে লিজ নবায়ন না হওয়া অর্পিত সম্পত্তির লিজ নবায়ন:** ২০২৫-২৬ অর্থ বছরের শুরুতে দুই বছরের উর্ধ্বে লিজ নবায়ন হয়নি এমন নথির সংখ্যা ছিল ৩৮ এবং নিষ্পত্তিকৃত নথির সংখ্যা ১৭। অর্থ্যাৎ দুই বছরের উর্ধ্বে লিজ নবায়ন না হওয়া অর্পিত সম্পত্তির ৪৫% লিজ নবায়ন করা হয়েছে। আগামী অর্থবছরে এ লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে ৫৫%। | **১.৬ দুই বছরের উর্ধ্বে লিজ নবায়ন না হওয়া অর্পিত সম্পত্তির লিজ নবায়ন:** ২০২৬-২৭ অর্থ বছরে দুই বছরের উর্ধ্বে লিজ নবায়ন না হওয়া অর্পিত সম্পত্তির ৪৫% লিজ নবায়ন করা হয়েছে। ২০২৭-২৮ অর্থবছরে এ লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে ৬৫%। | **১.৬ দুই বছরের উর্ধ্বে লিজ নবায়ন না হওয়া অর্পিত সম্পত্তির লিজ নবায়ন:** ২০২৭-২৮ অর্থ বছরে দুই বছরের উর্ধ্বে লিজ নবায়ন না হওয়া অর্পিত সম্পত্তির ৬৫% লিজ নবায়ন করা হয়েছে। ২০২৮-২৯ অর্থবছরে এ লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে ৭৫%। |
| | | **১.৭ ভূমি অধিগ্রহণে ১৯৪৮ ও ১৯৮২ সালের আওতাভুক্ত L/A case নিষ্পত্তিকরণ:** বগুড়া জেলায় ১৯৪৮ ও ১৯৮২ সালের আওতাভুক্ত L/A case এর মোট সংখ্যা ১৭০৬ (মে ২০২৬ এর প্রতিবেদন অনুযায়ী)। ২০২৫-২৬ অর্থবছরে ভূমি অধিগ্রহণে ১৯৪৮ ও ১৯৮২ সালের আওতাভুক্ত L/A case নিষ্পত্তিকরণের হার ২৬%। আগামী অর্থবছরে L/A case নিষ্পত্তিকরণে বিশেষভাবে গুরুত্ব প্রদান করে এ হার নির্ধারণ করা হয়েছে ৫০%। | **১.৭ ভূমি অধিগ্রহণে ১৯৪৮ ও ১৯৮২ সালের আওতাভুক্ত L/A case নিষ্পত্তিকরণ:** ২০২৬-২৭ অর্থবছরে ভূমি অধিগ্রহণে ১৯৪৮ ও ১৯৮২ সালের আওতাভুক্ত L/A case নিষ্পত্তিকরণের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে ৫০%। ২০২৭-২৮ অর্থবছরে এ হার নির্ধারণ করা হয়েছে ৬৫%। | **১.৭ ভূমি অধিগ্রহণে ১৯৪৮ ও ১৯৮২ সালের আওতাভুক্ত L/A case নিষ্পত্তিকরণ:** ২০২৭-২৮ অর্থবছরে ভূমি অধিগ্রহণে ১৯৪৮ ও ১৯৮২ সালের আওতাভুক্ত L/A case নিষ্পত্তিকরণের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে ৬৫%। ২০২৮-২৯ অর্থবছরে এ হার নির্ধারণ করা হয়েছে ৮০%। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | **২.১ গ্রাম আদালতে দায়েরকৃত নিষ্পত্তি যোগ্য মামলা নিষ্পত্তিকরণ:** মে ২০২৬ এর তথ্য অনুযায়ী বগুড়া জেলার গ্রাম আদালতে মামলার সংখ্যা ১,০১০। ২০২৫-২৬ অর্থবছরে গ্রাম আদালতে মামলা নিষ্পত্তির হার ৩৮%। ২০২৬-২৭ অর্থবছরে ৪০% নিষ্পত্তিকরণের লক্ষ্যমাত্র নির্ধারণ করা হয়েছে। | **২.১ গ্রাম আদালতে দায়েরকৃত নিষ্পত্তি যোগ্য মামলা নিষ্পত্তিকরণ:** ২০২৭-২৮ অর্থবছরে গ্রাম আদালতে দায়েরকৃত নিষ্পত্তি যোগ্য মামলার ৪৫% নিষ্পত্তিকরণের লক্ষ্যমাত্র নির্ধারণ করা হয়েছে। | **২.১ গ্রাম আদালতে দায়েরকৃত নিষ্পত্তি যোগ্য মামলা নিষ্পত্তিকরণ:** ২০২৮৬-২৯ অর্থবছরে গ্রাম আদালতে দায়েরকৃত নিষ্পত্তি যোগ্য মামলার ৫০% নিষ্পত্তিকরণের লক্ষ্যমাত্র নির্ধারণ করা হয়েছে। |
| ০২ | স্থানীয় সরকার প্রতিষ্ঠানের সক্ষমতা বৃদ্ধিকরণ | **২.২ স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের সক্ষমতা বৃদ্ধিতে কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান:** স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের সক্ষমতা বৃদ্ধিতে সারাবছর নিয়মিতভাবে কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান করা হয়। যদিও কর্মচারী প্রশিক্ষণার্থীর সংখ্যা নির্দিষ্ট, তথাপি বগুড়া জেলায় নতুন ইউনিয়ন সৃজিত হয়েছে বিধায় স্থানীয় সরকার প্রতিষ্ঠানের জনবল বৃদ্ধি পাবে। সেক্ষেত্রে মোট ৪২৫ জনকে প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। | **২.২ স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের সক্ষমতা বৃদ্ধিতে কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান:** স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের সক্ষমতা বৃদ্ধিতে কর্মচারীদের মোট ৪৩০ জনকে প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। | **২.২ স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের সক্ষমতা বৃদ্ধিতে কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান:** স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের সক্ষমতা বৃদ্ধিতে কর্মচারীদের মোট ৪৩৫ জনকে প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। |
| | | **২.২ জন্মের দিন থেকে ১ (এক) বছরের মধ্যে জন্মনিবন্ধনের হার এবং মৃত্যুর দিন থেকে ১ (এক) বছরের মধ্যে মৃত্যু নিবন্ধন হার উন্নীতকরণ:** জন্মনিবন্ধন ও মৃত্যুনিবন্ধন স্থানীয় সরকার প্রতিষ্ঠানের কার্যক্রমের একটি গুরুত্বপূর্ন অংশ এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এক্ষেত্রে লক্ষমাত্রা অর্জনে বদ্ধ পরিকর। ২০২৬-২৭ অর্থবছরে জন্মের দিন থেকে ১ (এক) বছরের মধ্যে জন্মনিবন্ধনের হার ৮৫% এবং মৃত্যুর দিন থেকে ১ (এক) বছরের মধ্যে মৃত্যুনিবন্ধন হার ৮০% উন্নীতকরণের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। | **২.২ জন্মের দিন থেকে ১ (এক) বছরের মধ্যে জন্মনিবন্ধনের হার এবং মৃত্যুর দিন থেকে ১ (এক) বছরের মধ্যে মৃত্যু নিবন্ধন হার উন্নীতকরণ:** ২০২৭-২৮ অর্থবছরে জন্মের দিন থেকে ১ (এক) বছরের মধ্যে জন্মনিবন্ধনের হার ৯৫% এবং মৃত্যুর দিন থেকে ১ (এক) বছরের মধ্যে মৃত্যুনিবন্ধন হার ৯০% উন্নীতকরণের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। | **২.২ জন্মের দিন থেকে ১ (এক) বছরের মধ্যে জন্মনিবন্ধনের হার এবং মৃত্যুর দিন থেকে ১ (এক) বছরের মধ্যে মৃত্যু নিবন্ধন হার উন্নীতকরণ:** ২০২৮-২৯ অর্থবছরে জন্মের দিন থেকে ১ (এক) বছরের মধ্যে জন্মনিবন্ধনের হার ১০০% এবং মৃত্যুর দিন থেকে ১ (এক) বছরের মধ্যে মৃত্যুনিবন্ধন হার ১০০% উন্নীতকরণের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। |
| ০৩ | নাগরিক সেবা সহজীকরণ | **৩.১ আবেদনকৃত ডিলিং লাইসেন্স MyGov প্ল্যাটফর্ম এর মাধ্যমে ইস্যুকরণ:** জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়ায় ডিলিং লাইসেন্স এর আবেদনের শতভাগ MyGov প্ল্যাটফর্ম এর মাধ্যমে | **৩.১ আবেদনকৃত ডিলিং লাইসেন্স MyGov প্ল্যাটফর্ম এর মাধ্যমে ইস্যুকরণ:** ২০২৭-২৮ অর্থবছরে আবেদনকৃত ডিলিং লাইসেন্স এর ১০০% MyGov প্ল্যাটফর্ম এর | **৩.১ আবেদনকৃত ডিলিং লাইসেন্স MyGov প্ল্যাটফর্ম এর মাধ্যমে ইস্যুকরণ:** ২০২৮-২৯ অর্থবছরে আবেদনকৃত ডিলিং লাইসেন্স এর ১০০% MyGov প্ল্যাটফর্ম এর |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ইস্যু করা হয়। ২০২৬-২৭ অর্থবছরে আবেদনকৃত ডিলিং লাইসেন্স এর MyGov প্ল্যাটফর্ম এর মাধ্যমে ইস্যুকরণে শতভাগ বহাল রাখার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে।<br><br>**৩.২ GRS এ প্রাপ্ত অভিযোগসমূহ নিষ্পত্তিকরণ:** GRS এ প্রাপ্ত অভিযোগসমূহের ১০০% নিষ্পত্তিকরণের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। | মাধ্যমে ইস্যুকরনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে।<br><br>**৩.২ GRS এ প্রাপ্ত অভিযোগসমূহ নিষ্পত্তিকরণ:** GRS এ প্রাপ্ত অভিযোগসমূহের ১০০% নিষ্পত্তিকরণের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। | মাধ্যমে ইস্যুকরনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে।<br><br>**৩.২ GRS এ প্রাপ্ত অভিযোগসমূহ নিষ্পত্তিকরণ:** GRS এ প্রাপ্ত অভিযোগসমূহের ১০০% নিষ্পত্তিকরণের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। |
| ০৪ | আইন-শৃঙ্খলা সংক্রান্ত | **৪.১ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটের আদালতে ফৌজদারি কার্যবিধির অধীন মামলা নিষ্পত্তিকরণ:** বগুড়া দেশের একটি অন্যতম ব্যস্ত জেলা বিধায় এখানে এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটের আদালতে ফৌজদারি কার্যবিধির অধীন মামলার সংখ্যা তুলনামূলকভাবে বেশি। তথাপি ২০২৬-২৭ অর্থবছরে এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটের আদালতে মামলার জট নিরসনে মামলাসমূহ নিষ্পত্তিকরণের লক্ষ্যমাত্রা ২০% নির্ধারণ করা হয়েছে।<br><br>**৪.২ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট আদালতে ফৌজদারি কার্যবিধির অধীন মামলা নিষ্পত্তিকরণ:** ২০২৬-২৭ অর্থবছরে অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট আদালতে ফৌজদারি কার্যবিধির অধীন মামলাসমূহের ২৫% নিষ্পত্তিকরণের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে।<br><br>**৪.৩ মাদকদ্রব্য নিয়ন্ত্রণে মোবাইল কোর্ট পরিচালনা:** মাদকদ্রব্য চোরাচালান, সেবন ও ক্রয়-বিক্রয় বন্ধে বগুড়া জেলায় প্রতিমাসে নিয়মিতভাবে মোবাইল কোর্ট ও টাস্কফোর্স অভিযান পরিচালিত হয়। মাদকদ্রব্য নিয়ন্ত্রণে ২০২৬-২৭ অর্থবছরে ৪৩০টি মোবাইল কোর্ট পরিচালনার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। | **৪.১ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটের আদালতে ফৌজদারি কার্যবিধির অধীন মামলা নিষ্পত্তিকরণ:** ২০২৭-২৮ অর্থবছরে জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়ার এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটের আদালতে ফৌজদারি কার্যবিধির অধীন মামলাসমূহের ২৫% নিষ্পত্তিকরণের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে।<br><br>**৪.২ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট আদালতে ফৌজদারি কার্যবিধির অধীন মামলা নিষ্পত্তিকরণ:** ২০২৭-২৮ অর্থবছরে অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট আদালতে ফৌজদারি কার্যবিধির অধীন মামলাসমূহের ২৮% নিষ্পত্তিকরণের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে।<br><br>**৪.৩ মাদকদ্রব্য নিয়ন্ত্রণে মোবাইল কোর্ট পরিচালনা:** এ জেলায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণে ২০২৭-২৮ অর্থবছরে ৪৩৫টি মোবাইল কোর্ট পরিচালনার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। | **৪.১ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটের আদালতে ফৌজদারি কার্যবিধির অধীন মামলা নিষ্পত্তিকরণ:** ২০২৮-২৯ অর্থবছরে এ কার্যালয়ের এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটের আদালতে ফৌজদারি কার্যবিধির অধীন মামলাসমূহের ৩০% নিষ্পত্তিকরণের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে।<br><br>**৪.২ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট আদালতে ফৌজদারি কার্যবিধির অধীন মামলা নিষ্পত্তিকরণ:** ২০২৮-২৯ অর্থবছরে অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট আদালতে ফৌজদারি কার্যবিধির অধীন মামলাসমূহের ৩০% নিষ্পত্তিকরণের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে।<br><br>**৪.৩ মাদকদ্রব্য নিয়ন্ত্রণে মোবাইল কোর্ট পরিচালনা:** মাদকদ্রব্য নিয়ন্ত্রণে ২০২৮-২৯ অর্থবছরে ৪৪০টি মোবাইল কোর্ট পরিচালনার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | **৪.৩ ভূমি অপরাধ প্রতিরোধ ও প্রতিকার আইন, ২০২৩ এ আনীত অভিযোগসমূহ নিষ্পত্তি:** ২০২৬-২৭ অর্থবছরে ভূমি অপরাধ প্রতিরোধ ও প্রতিকার আইন, ২০২৩ এ আনীত অভিযোগসমূহের ৪০% নিষ্পত্তিকরণের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। | **৪.৩ ভূমি অপরাধ প্রতিরোধ ও প্রতিকার আইন, ২০২৩ এ আনীত অভিযোগসমূহ নিষ্পত্তি:** ২০২৭-২৮ অর্থবছরে ভূমি অপরাধ প্রতিরোধ ও প্রতিকার আইন, ২০২৩ এ আনীত অভিযোগসমূহের ৪৫% নিষ্পত্তিকরণের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। | **৪.৩ ভূমি অপরাধ প্রতিরোধ ও প্রতিকার আইন, ২০২৩ এ আনীত অভিযোগসমূহ নিষ্পত্তি:** ২০২৮-২৯ অর্থবছরে ভূমি অপরাধ প্রতিরোধ ও প্রতিকার আইন, ২০২৩ এ আনীত অভিযোগসমূহের ৫০% নিষ্পত্তিকরণের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। |
| ০৫ | নথি ব্যবস্থাপনায় ডি-নথির ব্যবহার | **নথি ব্যবস্থাপনার ক্ষেত্রে ডি-নথিতে নথি নিষ্পন্নের হার উন্নীতকরণ:** জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়ার কিছু আর্থিক এবং সংবেদনশীল নথি ব্যতিত বাকি সকল নথি ডি-নথিতে নিষ্পন্ন করা হয়। এ কার্যালয়ের ২০২৬-২৭ অর্থবছরে নথি ব্যবস্থাপনার ক্ষেত্রে ডি-নথিতে নথি নিষ্পন্নের হার ৯৫% এ উন্নীতকরণের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। | **নথি ব্যবস্থাপনার ক্ষেত্রে ডি-নথিতে নথি নিষ্পন্নের হার উন্নীতকরণ:** ২০২৭-২৮ অর্থবছরে নথি ব্যবস্থাপনার ক্ষেত্রে ডি-নথিতে নথি নিষ্পন্নের হার ১০০% এ উন্নীতকরণের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। | **নথি ব্যবস্থাপনার ক্ষেত্রে ডি-নথিতে নথি নিষ্পন্নের হার উন্নীতকরণ:** ২০২৮-২৯ অর্থবছরে নথি ব্যবস্থাপনার ক্ষেত্রে ডি-নথিতে নথি নিষ্পন্নের হার ১০০% এ উন্নীতকরণের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। |
| ০৬ | শিক্ষা প্রতিষ্ঠানের সক্ষমতা বৃদ্ধিকরণ | ৬.১ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের নির্বাচনি ইশতেহারের একটি গুরুত্বপূর্ণ অংশ পাঁচ বছরে পঁচিশ কোটি বৃক্ষরোপণ। 'ওয়ান চাইল্ড ওয়ান ট্রি' কর্মসূচির আওতায় ২০২৬-২৭ অর্থবছরে বগুড়া জেলার মোট শিক্ষা প্রতিষ্ঠানের ৫০% প্রতিষ্ঠানে বৃক্ষরোপণের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে।<br><br>৬.২ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের নির্বাচনি ইশতেহারের আরেকটি গুরুত্বপূর্ণ লক্ষ্য হলো তৃতীয় কোনো বিদেশি ভাষা শিক্ষা। এ জেলায় বিদেশি ভাষা শিক্ষায় শিক্ষার্থীদের উদ্বুদ্ধকরণে ২৫% শিক্ষা প্রতিষ্ঠানে ল্যাঙ্গুয়েজ ক্লাব গঠনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে।<br><br>৬.৩ শিক্ষার্থীদের নৈতিক শিক্ষায় উদ্বুদ্ধকরণের লক্ষ্যে ৬০% শিক্ষা প্রতিষ্ঠানে সততা স্টোর চালুকরণের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। | ৬.১ 'ওয়ান চাইল্ড ওয়ান ট্রি' কর্মসূচির আওতায় ২০২৭-২৮ অর্থবছরে এ জেলার মোট শিক্ষা প্রতিষ্ঠানের ৭০% প্রতিষ্ঠানে বৃক্ষরোপণের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে।<br><br>৬.২ এ জেলায় বিদেশি ভাষা শিক্ষায় শিক্ষার্থীদের উদ্বুদ্ধকরণে ৫০% শিক্ষা প্রতিষ্ঠানে ল্যাঙ্গুয়েজ ক্লাব গঠনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে।<br><br>৬.৩ শিক্ষার্থীদের নৈতিক শিক্ষায় উদ্বুদ্ধকরণের লক্ষ্যে ৮০% শিক্ষা প্রতিষ্ঠানে সততা স্টোর চালুকরণের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। | ৬.১ 'ওয়ান চাইল্ড ওয়ান ট্রি' কর্মসূচির আওতায় ২০২৬-২৭ অর্থবছরে জেলার মোট শিক্ষা প্রতিষ্ঠানের ১০০% প্রতিষ্ঠানে বৃক্ষরোপণের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে।<br><br>৬.২ এ জেলায় বিদেশি ভাষা শিক্ষায় শিক্ষার্থীদের উদ্বুদ্ধকরণে ৮০% শিক্ষা প্রতিষ্ঠানে ল্যাঙ্গুয়েজ ক্লাব গঠনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে।<br><br>৬.৩ শিক্ষার্থীদের নৈতিক শিক্ষায় উদ্বুদ্ধকরণের লক্ষ্যে ১০০% শিক্ষা প্রতিষ্ঠানে সততা স্টোর চালুকরণের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৭ | জেলা প্রশাসকের কার্যালয়ের কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের সক্ষমতা বৃদ্ধিকল্পে প্রশিক্ষণ প্রদান | জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়ার কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের সক্ষমতা বৃদ্ধিকল্পে বছরে ৬০ ঘণ্টাব্যাপী প্রশিক্ষণ কর্মসূচির আওতায় ১৩তম-১৬তম গ্রেডের কর্কর্তা কর্মচারীদের অভ্যন্তরীণ প্রশিক্ষণ প্রতি মাসে প্রদান করা হয়ে থাকে। এছাড়া D-nothi, MyGov, সিজেজেন চার্টার, শুদ্ধাচার, RMS বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়ে থাকে। ২০২৬-২৭ অর্থবছরে ১১০ জন ১০ম-২০তম গ্রেডের কর্মচারীদের D-nothi বিষয়ক প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। | ২০২৭-২৮ অর্থবছরে ১২০ জন ১০ম-২০তম গ্রেডের কর্মচারীদের D-nothi বিষয়ক প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। | ২০২৮-২৯ অর্থবছরে ১৩০ জন ১০ম-২০তম গ্রেডের কর্মচারীদের D-nothi বিষয়ক প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। |
| ০৮ | SDG স্থানীয়করণের উদ্যোগ গ্রহণ | বগুড়া জেলায় SDG স্থানীয়করণের উদ্যোগ হিসেবে ২০২৬-২৭ অর্থবছরে গৃহিত 'করতোয়া নদী সিস্টেম উন্নয়ন প্রকল্প' এর ৩০% বাস্তবায়নের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। বর্তমানে এ প্রকল্পের DPP মন্ত্রণালয়ে অনুমোদনের অপেক্ষায় রয়েছে। এ প্রকল্পটি মে ২০২৬ থেকে জুন ২০৩০ খ্রি. মেয়াদে বাস্তবায়িত হওয়ার কথা রয়েছে। | ২০২৭-২৮ অর্থবছরে জেলায় SDG স্থানীয়করণের উদ্যোগ হিসেবে 'করতোয়া নদী সিস্টেম উন্নয়ন প্রকল্প' এর ৬৫% বাস্তবায়নের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। | SDG স্থানীয়করণের উদ্যোগ হিসেবে ২০২৮-২৯ অর্থবছরে 'করতোয়া নদী সিস্টেম উন্নয়ন প্রকল্প' এর ৯০% বাস্তবায়নের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। |
| ০৯ | কৃষক কার্ড ও ফ্যামিলি কার্ড বিতরণ | বগুড়া জেলায় কৃষক কার্ড ও ফ্যামিলি কার্ড বিতরণে ২০২৬-২৭ অর্থবছরে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক নির্ধারিত লক্ষ্যমাত্রার ১০০% বাস্তবায়নের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। | ২০২৭-২৮ অর্থবছরে কৃষক কার্ড ও ফ্যামিলি কার্ড বিতরণে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক নির্ধারিত লক্ষ্যমাত্রার ১০০% বাস্তবায়নের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। | ২০২৮-২৯ অর্থবছরে কৃষক কার্ড ও ফ্যামিলি কার্ড বিতরণে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক নির্ধারিত লক্ষ্যমাত্রার ১০০% বাস্তবায়নের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। |
| ১০ | জেলা পর্যায়ে ক্রীড়া প্রতিযোগিতা আয়োজন | ২০২৫-২৬ অর্থবছরে জেলা প্রশাসন, বগুড়ার উদ্যোগে জেলা প্রশাসক গোল্ডকাপ, আন্তঃজেলা ফুটবল টুর্নামেন্ট ও নতুন কুঁড়ি স্পোর্টস আয়োজন করা হয়েছে। বগুড়া জেলায় ২০২৬-২৭ অর্থবছরে জেলা পর্যায়ে ৪টি ক্রীড়া প্রতিযোগিত আয়োজনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। | ২০২৭-২৮ অর্থবছরে জেলা পর্যায়ে ৫টি ক্রীড়া প্রতিযোগিতা আয়োজনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। | ২০২৮-২৯ অর্থবছরে জেলা পর্যায়ে ৬টি ক্রীড়া প্রতিযোগিতা আয়োজনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। |

## সংযোজনী ৩ : ২০২৬-২০২৭ অর্থবছরের কর্মসম্পাদন ও প্রমাণক নির্দেশিকা

| ক্রমিক | ফলাফল নির্দেশক কার্যক্রম | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|
| ০১ | ভূমি উন্নয়ন করের সাধারণ আদায় এবং সংস্থার আদায় | সিস্টেম জেনারেটেড রিপোর্ট/রেজিস্টার তথ্য |
| ০২ | দায়েরকৃত রেন্ট সার্টিফিকেট মামলার নিষ্পত্তিকরণ | সিস্টেম জেনারেটেড রিপোর্ট/রেজিস্টার তথ্য |
| ০৩ | পাঁচ বছরের উর্ধ্বে চলমান জেনারেল সার্টিফিকেট মামলার নিষ্পত্তিকরণ | সিস্টেম জেনারেটেড রিপোর্ট/রেজিস্টার তথ্য |
| ০৪ | দায়েরকৃত রাজস্ব মামলার নিষ্পত্তিকরণ | সিস্টেম জেনারেটেড রিপোর্ট/রেজিস্টার তথ্য |
| ০৫ | নতুন হাট বাজারের পেরিফেরি অনুমোদন | সিস্টেম জেনারেটেড রিপোর্ট/রেজিস্টার তথ্য |
| ০৬ | দুই বছরের উর্ধ্বে লিজ নবায়ন না হওয়া অর্পিত সম্পত্তির লিজ নবায়ন | সিস্টেম জেনারেটেড রিপোর্ট/রেজিস্টার তথ্য |
| ০৭ | ভূমি অধিগ্রহণে ১৯৪৮ ও ১৯৮২ সালের L/A case নিষ্পত্তিকরণ | সিস্টেম জেনারেটেড রিপোর্ট/রেজিস্টার তথ্য |
| ০৮ | আবেদনকৃত ডিলিং লাইসেন্স MyGov প্ল্যাটফর্ম এর মাধ্যমে ইস্যুকরণ | সিস্টেম জেনারেটেড রিপোর্ট/রেজিস্টার তথ্য |
| ০৯ | GRS এ প্রাপ্ত অভিযোগসমূহ নিষ্পত্তিকরণ | সিস্টেম জেনারেটেড রিপোর্ট/রেজিস্টার তথ্য |
| ১০ | শিক্ষা প্রতিষ্ঠানে 'ওয়ান চাইল্ড ওয়ান ট্রি' কর্মসূচির আওতায় বৃক্ষরোপণ | সচিত্র প্রতিবেদন |
| ১১ | বিদেশি ভাষা শিক্ষায় শিক্ষার্থীদের উদ্বুদ্ধকরণে শিক্ষা প্রতিষ্ঠানে ল্যাঙ্গুয়েজ ক্লাব গঠন | সচিত্র প্রতিবেদন |
| ১২ | শিক্ষার্থীদের নৈতিক শিক্ষায় উদ্বুদ্ধকরণে শিক্ষা প্রতিষ্ঠানে সততা স্টোর চালুকরণ | সচিত্র প্রতিবেদন |
| ১৩ | গ্রাম আদালতে দায়েরকৃত নিষ্পত্তি যোগ্য মামলা নিষ্পত্তিকরণ | সিস্টেম জেনারেটেড রিপোর্ট/রেজিস্টার তথ্য |
| ১৪ | স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের সক্ষমতা বৃদ্ধিতে কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান | সিস্টেম জেনারেটেড রিপোর্ট/রেজিস্টার তথ্য |
| ১৫ | জন্মের দিন থেকে ১ (এক) বছরের মধ্যে জন্মনিবন্ধনের হার এবং মৃত্যুর দিন থেকে ১ (এক) বছরের মধ্যে মৃত্যু নিবন্ধন হার উন্নীতকরণ | সিস্টেম জেনারেটেড রিপোর্ট/রেজিস্টার তথ্য |

| ক্রমিক | ফলাফল নির্দেশক কার্যক্রম | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|
| ১৬ | ১০ম-২০তম গ্রেডের কর্মচারীদের সক্ষমতা বৃদ্ধিকল্পে D-nothi বিষয়ক প্রশিক্ষণ প্রদান | সচিত্র প্রতিবেদন/হাজিরা শীট |
| ১৭ | নথি ব্যবস্থাপনার ক্ষেত্রে ডি-নথিতে নথি নিষ্পন্নকরণ | সিস্টেম জেনারেটেড রিপোর্ট/রেজিস্টার তথ্য |
| ১৮ | SDG স্থানীয়করণ বিষয়ক 'করতোয়া নদী সিস্টেম উন্নয়ন প্রকল্প' বাস্তবায়ন | সচিত্র প্রতিবেদন |
| ১৯ | কৃষক কার্ড ও ফ্যামিলি কার্ড বিতরণে সরকার কর্তৃক নির্ধারিত লক্ষ্যমাত্রা বাস্তবায়ন | সমন্বিত প্রতিবেদন |
| ২০ | এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটের আদালতে ফৌজদারি কার্যবিধির অধীন মামলা নিষ্পত্তিকরণ | সিস্টেম জেনারেটেড রিপোর্ট/রেজিস্টার তথ্য |
| ২১ | অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট আদালতে ফৌজদারি কার্যবিধির অধীন মামলা নিষ্পত্তিকরণ | সিস্টেম জেনারেটেড রিপোর্ট/রেজিস্টার তথ্য |
| ২২ | মাদকদ্রব্য নিয়ন্ত্রণে প্রতিমাসে মোবাইল কোর্ট পরিচালনা | সিস্টেম জেনারেটেড রিপোর্ট/রেজিস্টার তথ্য |
| ২৩ | ভূমি অপরাধ প্রতিরোধ ও প্রতিকার আইন, ২০২৩ এ আনীত অভিযোগসমূহ নিষ্পত্তি | সিস্টেম জেনারেটেড রিপোর্ট/রেজিস্টার তথ্য |
| ২৪ | জেলা পর্যায়ে ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন | সচিত্র প্রতিবেদন |

## সংযোজনী ৪ : অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট/নির্ভরশীল কার্যক্রমসমূহ

| ক্রমিক | ফলাফল নির্দেশক কার্যক্রম | যেসকল অফিসের সঙ্গে সংশ্লিষ্ট/নির্ভরশীল | সংশ্লিষ্ট/নির্ভরশীল অফিসের সঙ্গে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
|---|---|---|---|
| ১ | শিক্ষা প্রতিষ্ঠানে 'ওয়ান চাইল্ড ওয়ান ট্রি' কর্মসূচির আওতায় বৃক্ষরোপণসহ অন্যান্য বৃক্ষরোপণ কর্মসূচি বাস্তবায়ন | বন বিভাগ; সওজ; উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বগুড়া; এনজিও সমূহ; স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ | বগুড়া জেলায় পরিবেশ সংরক্ষণ ও সবুজায়ন সম্প্রসারণের লক্ষ্যে বন বিভাগ, সড়ক ও জনপথ (সওজ) বিভাগ, উপজেলা প্রশাসন, এনজিওসমূহ এবং স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের সমন্বিত উদ্যোগে বিভিন্ন সড়কের পাশ, শিক্ষা-প্রতিষ্ঠান, খাসজমি ও জনসাধারণের স্থানে বৃক্ষরোপণ করা হবে। এ কর্মসূচিতে বন বিভাগ প্রয়োজনীয় চারা ও কারিগরি সহায়তা প্রদান করবে, সওজ বৃক্ষরোপণের উপযোগী স্থান নির্বাচন করবে এবং উপজেলা প্রশাসন সার্বিক তদারকি ও সমন্বয়ের দায়িত্ব পালন করবে। পাশাপাশি এনজিও ও স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ বৃক্ষের নিয়মিত পরিচর্যা, জনসচেতনতা বৃদ্ধি এবং স্থানীয় জনগণের সক্রিয় অংশগ্রহণ নিশ্চিত করার মাধ্যমে কর্মসূচির সফল বাস্তবায়নে ভূমিকা রাখবে। শিক্ষাপ্রতিষ্ঠানের ক্ষেত্রে 'ওয়ান চাইল্ড ওয়ান ট্রি' কর্মসূচির আওতায় প্রতিটি শিক্ষার্থীকে অন্তত একটি করে গাছের চারা রোপণ ও পরিচর্যায় সম্পৃক্ত করা হবে। বন বিভাগ প্রয়োজনীয় চারা ও কারিগরি সহায়তা প্রদান করবে এবং শিক্ষাপ্রতিষ্ঠান কর্তৃপক্ষ বৃক্ষরোপণ ও পরিচর্যা কার্যক্রম তদারকি করবে। |
| ২ | জন্মের দিন থেকে ১ (এক) বছরের মধ্যে জন্মনিবন্ধনের হার এবং মৃত্যুর দিন থেকে ১ (এক) বছরের মধ্যে মৃত্যু নিবন্ধন হার উন্নীতকরণ; | বগুড়া সিটি কর্পোরেশন, ইপিআই ও স্থানীয় সরকার প্রতিষ্ঠান | জন্মের দিন থেকে ১ (এক) বছরের মধ্যে জন্মনিবন্ধনের হার এবং মৃত্যুর দিন থেকে ১ (এক) বছরের মধ্যে মৃত্যু নিবন্ধনের হার বৃদ্ধি করার লক্ষ্যে পৌরসভা, ইপিআই কর্মসূচি এবং স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ সমন্বিতভাবে কাজ করবে। ইপিআই কর্মসূচির আওতায় নবজাতকের তথ্য নিয়মিতভাবে বগুড়া সিটি কর্পোরেশন ও সংশ্লিষ্ট নিবন্ধন কর্তৃপক্ষের সঙ্গে বিনিময় করা হবে এবং টিকাদান কেন্দ্রগুলোতে জন্মনিবন্ধনের গুরুত্ব সম্পর্কে অভিভাবকদের সচেতন করা হবে। পৌরসভা ও স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ নিবন্ধন কার্যক্রম সহজতর করতে বিশেষ ক্যাম্প, গণসচেতনতামূলক কার্যক্রম এবং ওয়ার্ডভিত্তিক অনুসরণ (ফলো-আপ) পরিচালনা করবে। এছাড়া, মৃত্যুর তথ্য দ্রুত সংগ্রহ ও নিবন্ধনের জন্য জনপ্রতিনিধি, স্বাস্থ্যকর্মী এবং সংশ্লিষ্ট দপ্তরসমূহের মধ্যে নিয়মিত তথ্য আদান-প্রদান ও সমন্বয় নিশ্চিত করা হবে। |
| ৩ | সংশ্লিষ্ট ইউনিয়ন ও উপজেলায় ফ্যামিলি কার্ড ও কৃষক কার্ড বিতরণ ও মনিটরিং বাস্তবায়ন | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়; সমাজসেবা অধিদপ্তর; কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | উপজেলা নির্বাহী অফিসারের সার্বিক নেতৃত্ব ও সমন্বয়ে সমাজসেবা অধিদপ্তর এবং উপজেলা কৃষি অফিস যৌথভাবে উপকারভোগী নির্বাচন, তথ্য যাচাই-বাছাই ও হালনাগাদ এবং যোগ্য ব্যক্তিদের চূড়ান্ত তালিকা প্রস্তুত করবে। নির্ধারিত সময়সূচি অনুসরণ করে ফ্যামিলি কার্ড ও কৃষক কার্ড বিতরণ কার্যক্রম সম্পন্ন করা হবে। এছাড়া, মাঠপর্যায়ে নিয়মিত পরিবীক্ষণ, অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তি এবং অগ্রগতি পর্যালোচনার মাধ্যমে কার্যক্রমের স্বচ্ছতা, জবাবদিহিতা ও দক্ষ বাস্তবায়ন নিশ্চিত করা হবে। |

| | | | |
|---|---|---|---|
| ৪ | মাদকদ্রব্য নিয়ন্ত্রণে মোবাইল কোর্ট পরিচালনা | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর | মাদকদ্রব্য নিয়ন্ত্রণে মোবাইল কোর্ট পরিচালনার ক্ষেত্রে জেলা প্রশাসনের সঙ্গে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর সমন্বিতভাবে কাজ করবে। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর গোয়েন্দা তথ্য, অভিযোগ ও ঝুঁকিপূর্ণ এলাকার তথ্য জেলা প্রশাসনকে সরবরাহ করবে এবং অভিযানে প্রয়োজনীয় কারিগরি ও আইনগত সহায়তা প্রদান করবে। জেলা প্রশাসন নির্বাহী ম্যাজিস্ট্রেটের নেতৃত্বে মোবাইল কোর্ট পরিচালনা করবে। অভিযানের পরিকল্পনা, বাস্তবায়ন, জব্দকৃত আলামত সংরক্ষণ, মামলা-সংক্রান্ত কার্যক্রম এবং পরবর্তী অনুসরণমূলক পদক্ষেপ সংশ্লিষ্ট সংস্থার সমন্বয়ে সম্পন্ন করা হবে। এছাড়া নিয়মিত সমন্বয় সভা ও অগ্রগতি পর্যালোচনার মাধ্যমে কার্যক্রমের কার্যকারিতা, স্বচ্ছতা এবং জবাবদিহিতা নিশ্চিত করা হবে। |
| ৫ | খাল খনন কর্মসূচি | পানি উন্নয়ন বোর্ড,<br>উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় | খাল খনন কর্মসূচি বাস্তবায়নে জেলা প্রশাসন ও পানি উন্নয়ন বোর্ড সমন্বিতভাবে পরিকল্পনা, বাস্তবায়ন এবং তদারকি কার্যক্রম পরিচালনা করবে। পানি উন্নয়ন বোর্ড খাল নির্বাচন, কারিগরি সমীক্ষা, নকশা ও ব্যয় প্রাক্কলন প্রণয়নসহ প্রয়োজনীয় কারিগরি সহায়তা প্রদান করবে। জেলা প্রশাসন ভূমি-সংক্রান্ত সমস্যা সমাধান, সংশ্লিষ্ট দপ্তরগুলোর মধ্যে সমন্বয় এবং মাঠপর্যায়ে কার্যক্রম তদারকি করবে। এছাড়া স্থানীয় সরকার প্রতিষ্ঠান ও জনগণের অংশগ্রহণ নিশ্চিত করে খননকাজের অগ্রগতি নিয়মিত পর্যালোচনা, সমস্যা দ্রুত সমাধান এবং খালের টেকসই ব্যবস্থাপনা নিশ্চিত করতে যৌথভাবে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হবে। |
| ৬ | বিদেশি ভাষা শিক্ষায় শিক্ষার্থীদের উদ্বুদ্ধকরণে শিক্ষা প্রতিষ্ঠানে ল্যাঙ্গুয়েজ ক্লাব গঠন | জেলা প্রাথমিক শিক্ষা অফিস ও জেলা মাধ্যমিক শিক্ষা অফিস | জেলা প্রশাসনের নেতৃত্বে জেলা প্রাথমিক শিক্ষা অফিস ও জেলা মাধ্যমিক শিক্ষা অফিসের তত্ত্বাবধানে সরকারি মাধ্যমিক বিদ্যালয়সমূহে একটি করে ল্যাঙ্গুয়েজ ক্লাব গঠন করা হবে। এ কার্যক্রমের আওতায় শিক্ষক সমন্বয়ক মনোনয়ন, শিক্ষার্থী সদস্য নির্বাচন, কার্যনির্বাহী কমিটি গঠন এবং বার্ষিক কর্মপরিকল্পনা প্রণয়ন করা হবে। ক্লাবের উদ্যোগে নিয়মিত বিতর্ক, বক্তৃতা, বিদেশি ভাষায় কথোপকথন, সৃজনশীল লেখা, উপস্থাপনা এবং ভাষাভিত্তিক বিভিন্ন প্রতিযোগিতার আয়োজনের মাধ্যমে শিক্ষার্থীদের ভাষাগত দক্ষতা, আত্মবিশ্বাস ও যোগাযোগ সক্ষমতা উন্নয়নে কার্যকর পদক্ষেপ গ্রহণ করা হবে। |
| ৭ | জেলা পর্যায়ে ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন | জেলা ক্রীড়া অফিস,<br>উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় | জেলা ক্রীড়া অধিদপ্তর এবং উপজেলা নির্বাহী অফিসারদের সমন্বয়ে জেলা পর্যায়ে ৪টি ক্রীড়ানুষ্ঠান ও এথলেটিক্স প্রতিযোগিতা আয়োজন করবে। এ লক্ষ্যে প্রস্তুতি সভা, ভেন্যু নির্বাচন, বাজেট নির্ধারণ, বিদ্যালয়-কলেজ ও ক্রীড়া সংগঠনের অংশগ্রহণ নিশ্চিতকরণ, প্রশিক্ষক ও বিচারক নিয়োগ, নিরাপত্তা ও চিকিৎসা সহায়তার ব্যবস্থা গ্রহণ করা হবে। প্রতিযোগিতার সময়সূচি প্রণয়ন, প্রচার কার্যক্রম পরিচালনা এবং বিজয়ীদের পুরস্কার প্রদান ও পরবর্তী মূল্যায়নের মাধ্যমে কার্যক্রম সফলভাবে বাস্তবায়ন করা হবে। |